



## বিমানবন্দরে সাংবাদিক লাঞ্ছিতের অভিযোগ, এনসিপির সংবাদ সম্মেলন বয়কট



সংগৃহীত ছবি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এনসিপির নেতাকর্মীদের হাতে সাংবাদিক লাঞ্ছিত হওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে সংবাদ সম্মেলন বয়কট করে ফিরে গেছেন গণমাধ্যমকর্মীরা। ঘটনাঙ্কলে উপস্থিত ছিলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ যুক্তরাষ্ট্র সফর শেষে দেশে ফেরা রাজনৈতিক নেতারা।

আজ বৃহস্পতিবার সকাল পৌনে ১০টার দিকে রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি গেটে এ ঘটনা ঘটে। জাতিসংঘের সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনসহ বিভিন্ন উচ্চপর্যায়ের বৈঠকে যোগ দিয়ে ৯ দিনের সফর শেষে দেশে ফিরেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ও তার সফরসঙ্গীরা। তাদের প্রত্যাবর্তন উপলক্ষে বিমানবন্দরে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছিল। জানা গেছে, বিএনপির নেতা হুমায়ূন কবির সেখানে সাংবাদিকদের উদ্দেশে ব্রিফিং দিচ্ছিলেন। এ সময় এনসিপির নেতাকর্মীরা উচ্চস্বরে শ্লোগান দিতে থাকেন। উপস্থিত এক সাংবাদিক তাদের নীরব থাকতে অনুরোধ করলে এনসিপি নেতাকর্মীরা ক্ষুব্ধ হয়ে সাংবাদিকদের ওপর চড়াও হন এবং লাঞ্ছিত করেন।

এ ঘটনায় সাংবাদিকরা ক্ষোভ প্রকাশ করে এনসিপির সংবাদ সম্মেলন বয়কট করে তাৎক্ষণিকভাবে স্থান ত্যাগ করেন।

উল্লেখ্য, গত ২৩ সেপ্টেম্বর ড. ইউনূসের নেতৃত্বে যুক্তরাষ্ট্র সফরে গিয়েছিলেন বিএনপির মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ূন কবির, জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের, এনসিপির সদস্যসচিব আখতার হোসেন ও যুগ্ম আহ্বায়ক ডা. তাসনিম জারা। আজ বৃহস্পতিবার তারা দেশে ফিরেছেন।